

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.২৯১

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯

১৩ সেপ্টেম্বর ২০২২

বিষয়: প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা দায়েরকৃত আপীল নং-২৩৫/২০২১ পরিচালনা।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার কুমারখালী সরকারী কলেজ এর প্রভাষক (ইসলামী শিক্ষা বিভাগ) জনাব মিসেস সাব্বিরা খাতুন এর বকেয়া বেতন-ভাতা প্রদানের জন্য প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে মামলানং-২৩৫/২০২১ দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৪ (চার) জন-কে বিবাদী করা হয়েছে। বিবাদীগনকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠ সহ (যদি থাকে) অনুলিপি সহকারে ০২(দুই) প্রস্ত অত্র প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে বিগত ০৭/১২/২০২১ ইং তারিখে দাখিল করার নির্দেশনা রয়েছে।

উপর্যুক্ত বর্ণনার আলোকে সচিব মহোদয়ের পক্ষ থেকে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে, ঢাকা মামলার বিষয়ে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে মামলানং-২৩৫/২০২১ এর বিষয় সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা।
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।
- (গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা /প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।
- (ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

১৩-৯-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.২৯১/১(৩)


তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯

১৩ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৩-৯-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব